# কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ২

## আরবি মূল আয়াত:

بَل عَجِبُوا اَن جَآءَهُم مُّنذِرٌ مِّنهُم فَقَالَ الكٰفِرُونَ هٰذَا شَیءٌ عَجِیبٌ ﴿۲﴾

## অনুবাদসমূহ:

বরং তারা বিস্মিত হয়েছে যে, তাদের মধ্য থেকে একজন সতর্ককারী তাদের কাছে এসেছে। অতঃপর কাফিররা বলল, 'এতো এক বিস্ময়কর বস্তু'! — আল-বায়ান

বরং এ লোকেরা বিস্মিত হচ্ছে যে, তাদের কাছে তাদেরই মধ্য হতে একজন সর্তককারী এসেছে। যার কারণে কাফিররা বলে- 'এতো বড়ই আশ্চর্যজনক ব্যাপার! — তাইসিরুল

কিন্তু কাফিরেরা তাদের মধ্য হতে একজন সতর্ককারী আবির্ভূত হতে দেখে বিস্ময় বোধ করে এবং বলেঃ এটাতো এক আশ্চর্য ব্যাপার। — মুজিবুর রহমান

But they wonder that there has come to them a warner from among themselves, and the disbelievers say, "This is an amazing thing. — Sahih International

২. বরং তারা বিস্ময় বোধ করে যে, তাদের মধ্য থেকে একজন সতর্ককারী তাদের কাছে এসেছেন। আর কাফিররা বলে, এ তো এক আশ্চর্য জিনিস!

-

তাফসীরে জাকারিয়া

(২) কিন্তু অবিশ্বাসীরা তাদের মধ্য হতে একজন সতর্ককারী আবির্ভূত হতে দেখে বিস্ময়বোধ করে ও বলে, 'এটা তো এক আশ্চর্য ব্যাপার। [1]

[1] অথচ এতে আশ্চর্যের কোন কথাই নেই। প্রত্যেক নবী সেই জাতিরই একজন হতেন, যে জাতির কাছে তাঁকে প্রেরণ করা হত। সেই হিসাবেই মক্কার কুরাইশদেরকে সতর্ক করার জন্য তাদেরই মধ্য থেকে এক ব্যক্তি (মুহাম্মাদ (সাঃ))-কে নবুঅতের জন্য নির্বাচন করে নেওয়া হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4632

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন